

ঢাবি ক্যাম্পাসে নিষিদ্ধ ছাত্রলীগের পোস্টার, প্রক্টর অফিস ঘেরাও

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনায় কার্যক্রম নিষিদ্ধ ছাত্রলীগের পোস্টার লাগানো হয়েছে। এসব পোস্টারে সংগঠনটির আটক নেতাকর্মীদের মুক্তির দাবি জানানো হয়েছে। শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দেওয়ালে 'বাংলাদেশ ছাত্রলীগের সব রাজবন্দির নিঃশর্ত মুক্তি চাই' লেখাসংবলিত পোস্টার দেখা যায়। এ ঘটনার প্রতিবাদ জানিয়ে শনিবারে পৃথকভাবে প্রক্টর অফিস ঘেরাও কর্মসূচি পালন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু)

ও জাতীয় ছাত্রশক্তি। এ সময় তারা জড়িতদের শনাক্ত ও গ্রেফতারের দাবি জানান।

গতকাল দুপুর ১টার দিকে ডাকসু নেতারা প্রক্টর অফিসের সামনে অবস্থান নিয়ে বিভিন্ন স্লোগান দেন। এ সময় আন্দোলনকারীরা তাদের দাবি নিয়ে প্রক্টর সাইফুদ্দীন আহমদের সঙ্গে দেখা করেন। ডাকসু নেতারা ২৪ ঘণ্টার মধ্যে সিসিটিভি ফুটেজ যাচাই করে দায়ীদের শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানান। এ সময় প্রক্টর সাইফুদ্দিন আহমেদ তাদের বলেন, পোস্টার লাগানোর বিষয়টি আগে জানা থাকলে ব্যবস্থা নেওয়া যেত।